

C/o E. T. Sturdy

রিডিং, ইংলিশ

১৮৯৫

কল্যাণবরেষু,

তোমার পত্রে সবিশেষ অবগত হইলাম। তোমার সকল্প বড়ই উত্তম। কিন্তু তোমাদের জাতির মধ্যে organization (সজ্ববন্ধ হইয়া কার্য করিবার) শক্তির একেবারেই অভাব। এই এক অভাবই সকল অনর্থের কারণ। পাঁচজনে মিলে একটা কাজ করিতে একেবারেই নারাজ। Organization-এর (সজ্জাজীবনের) প্রথম আবশ্যক এই যে, obedience (আজ্ঞাবহতা), যখন ইচ্ছা হল একটু কিছু করিলাম, তারপর ঘোড়ার ডিম -- তাতে কাজ হয় না -- plodding industry and perseverance (স্ত্রির ধীর ভাবে পরিশ্রম ও অধ্যবসায়) চাই। Regular corespondence (নিয়মিত পত্রব্যবহার) অর্থাৎ কি কাজ করছ -- কি ফল হল, প্রতিমাসে দুইবার রীতিমত লিখিয়া পাঠাইবে। একজন উত্তম ইংরেজি ও সংস্কৃত-জানা সন্ত্যাসী এখানে (ইংলিশে) আবশ্যক। আমি এখান হইতে শীত্বাই পুনরায় আমেরিকা যাইব, আমার অবর্তমানে সে এখানে কার্য করিবে। শরৎ ও শশী এই দুইজন ছাড়া আমি তো আর কাকেও দেখছিনা। শরৎকে টাকা পাঠিয়েছি ও পত্রপাঠ চলে আসতে লিখেছি। রাজাজীকে^১ লিখেছি যে তাঁর বন্ধের agent (ভারপ্রাণ কর্মচারী) যেন শরৎকে দেখে শুনে জাহাজে চাপিয়ে দেয়। আমি লিখতে ভুলে গেছি, তুমি যদি মনে করে পার -- শরতের সঙ্গে এক বস্তা মুগের ডাল, ছোলার ডাল ও কিঞ্চিৎ মেঠি পাঠিয়ে দিবে।^২ পদ্ধিত নারায়ন দাস, শ্রীশক্রলাল, ওঝাজী, ডাক্তার ও সকলকে আমার প্রণয় বলিবে। গোপীর চোখের ওষুধ এখানে কি আছে? পেটেন্ট ওষুধ সব জুয়াচুরি সর্বত্র। তাকে আমার আশীর্বাদ দেবে ও আর আর সব চেলাগুলোকে। যত্নেশ্বরবাবু মীরাটে একটা কি সভা করেছেন ও আমাদের সঙ্গে যোগ দিয়ে কাজ করতে চান। ভাল, তাঁর একটা কি কাগজও আছে, কালীকে সেখানে পাঠিয়ে দাও, কালী যদি পারে মীরাটে একটা centre (কেন্দ্র) করুক এবং সেই কাগজটা যাতে হিন্দী ভাষাতে হয়, এমন চেষ্টা করুক -- আমি কিছু কিছু টাকা পাঠিয়ে দেব। কালী মীরাট গিয়ে আমাকে যথাযথ রিপোর্ট করলে আমি টাকা পাঠিয়ে দেব। আজমীরে একটা centre (কেন্দ্র) করিবার চেষ্টা কর।... সাহারানপুরে পদ্ধিত অগ্নিহোত্রী কি একটা সভা করেছেন। তাঁরা আমাকে এক চিঠি লেখেন। তাঁদের সঙ্গে correspondence (পত্রব্যবহার) রাখিবে। সকলের সঙ্গে মেলামেশা etc., work, work (কাজ কাজ) এই রকম centre (কেন্দ্র) করতে থাক। কলকাতায় -- মাদ্রাজে already (পূর্ব হইতেই) আছে, যদি মীরাটে ও আজমীরে পার তো বড়ই ভাল হয়। ঐপ্রকার ধীরে ধীরে জায়গায় জায়গায় centre (কেন্দ্র) করতে থাক। এখানে আমার সকল চিঠিপত্র C/O মিঃ ই. টি. স্টার্ট, হাইভিউ, ক্যার্ভার্শ্যাম, রিডিং ইংলিশ। আমেরিকায় C/O মিস ফিলিপস, 19 W. 38th St., নিউ ইয়র্ক। ক্রমে দুনিয়া ছাপিয়ে ফেলতে হবে। Obedience (আজ্ঞাবহতা) প্রথম দরকার। আগন্তে ঝাঁপ দিতে তৈয়ার হতে হবে -- তবে কাজ হয়।... এ-রকম রাজপুতানায় গ্রামে গ্রামে সভা কর etc. কিমধিকমিতি --

বিবেকানন্দ

^১ খেতড়ির মহারাজা^২ এই সময়ে স্বামীজী একেবারেই নিরামিষাশী ছিলেন।